ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৭৬১

মোহনপুর, ৬ সেপ্টেম্বর, ২০২৫

**বামুটিয়ায় ৪৪ জন সুবিধাভোগীর মধ্যে হাঁসের ছানা বিতরণ**

মুখ্যমন্ত্রী প্রাণীসম্পদ বিকাশ যোজনায় আজ বামুটিয়া ব্লক প্রাঙ্গণে বামুটিয়া ব্লকের ৪৪ জন সুবিধাভোগীর মধ্যে হাঁসের ছানা, হাঁসের খাদ্য, খাঁচা বিতরণ করা হয়। এই প্রকল্পে প্রত্যেক সুবিধাভোগীকে ২০টি করে হাঁসের ছানা দেওয়া হয়। এতে প্রত্যেক সুবিধাভোগী পিছু ৩,২০০ টাকা করে ব্যয় হয়েছে। মোট ব্যয় হয়েছে ১,৪০,৮০০ টাকা। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বামুটিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দীপক কুমার সিনহা, ভাইস চেয়ারম্যান ঝুটন দাস, প্রাক্তন বিধায়ক কৃষ্ণধন দাস, বিভিন্ন পঞ্চায়েতের প্রধানগণ এবং প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের উষাবাজার, বামুটিয়া ও মোহনপুর ভেটেরিনারী ডিসপেনসারির আধিকারিকগণ।

*****